মেহেরপুরে ‘শততথ্যে জাতির পিতা’ শীর্ষক প্রকাশনার বিতরণ কার্যক্রমের উদ্বোধন

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে মুজিববর্ষে শত ঘন্টা মুজিবচর্চা উপলক্ষে মুজিব শতবর্ষে মেহেরপুর জেলার শিক্ষার্থীদের মাঝে ‘শততথ্যে জাতির পিতা’ শীর্ষক প্রকাশনার বিতরণ কার্যক্রম এর উদ্বোধন করা হয়েছে।

শনিবার দুপুরের দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জুমের মাধ্যমে শততথ্যে জাতির পিতা’ শীর্ষক প্রকাশনার বিতরণ কার্যক্রম এর উদ্বোধন করা হয়।
জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে জুমের মাধ্যমে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি এমপি। মুজিববর্ষে শতঘন্টা মুজিবচর্চা সম্মানিত অতিথি ও মুখ্য উপদেষ্টা জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এম.পি।

বিশেষ উপস্থিতি হিসেবে উপস্থিত ছিলেন, নড়াইল-২ আসনের সংসদ সদস্য মাশরাফি বিন মর্তুজা। জুমের মাধ্যমে আরও উপস্থিত ছিলেন, এসময় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড.কামাল আবদুল নাসের চৌধুরী।

বক্তব্য রাখেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাইদুজ্জামান খোকন, খুলনা বিভাগের বিভাগীয় কমিশনার ইসমাইল হোসেন এনডিসি, পুলিশ সুপার এস এম মুরাদ আলি। অনুষ্ঠানে অন্যদের মধ্যে পিপি পল্লব ভট্টাচার্য, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের আহবায়ক প্রফেসর হাসানুজ্জামান মালেক প্রমূখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে “মুজিববর্ষে মুজিবচর্চার প্রাসঙ্গিকতা” শীর্ষক আলোচনা সভা

মেহেরপুর জেলা প্রশাসনের আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে মুজিববর্ষে শতঘন্টা মুজিব চর্চা শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।
রবিবার সন্ধ্যায় মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ থেকে এ সভা অনুষ্ঠিত হয়।জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে জুমের মাধ্যমে অনুষ্ঠিত “মুজিববর্ষে মুজিবচর্চার প্রাসঙ্গিকতা” শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি। প্রধান আলোচক হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন জাতীয় অধ্যাপক ও সভাপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি অধ্যাপক মোঃ রফিকুল ইসলাম।
জেলা আওয়ামীলীগের যুগ্ম সম্পাদক অ্যাডঃ ইব্রাহীম শাহীন, পিপি পল্লব ভট্টাচার্য প্রমুখ।

মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের বঙ্গবন্ধু‘র জন্মশতবার্ষিকী পালন

গাছের চারা রোপন, র্যালী ও শ্রদ্ধাঞ্জলি নিবেদনের মধ্যে দিয়ে মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পালন করা হয়েছে।

মঙ্গলবার সকালে প্রতিষ্ঠানের অধ্যক্ষ ফয়েজুল বারীর নেতৃত্বে একটি

র্যালী বের করা হয়। র্যালীটি প্রধান প্রধান শহর প্রদক্ষিণ করে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে গিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন। পরে কলেজ প্রাঙ্গণে শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ মিলে গাছের চারা রোপন করেন।

এ সময় অন্যদের মধ্যে সেখানে উপস্থিত ছিলেন শিক্ষক শামিমুল কবির, রঞ্জিত কুমার, শেখ ফরিদ আহমেদ, আব্দুল কাদের, মনোয়ারুল ইসলাম, মাসুদুল আলম,নিবাস চন্দ্র দাস, আলমগীর হোসেন, মো:আলী, মীর মোক্তার হোসেন সহ কলেজের শিক্ষার্থীরা।

বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে আলোকসজ্জা

বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে সোমবার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ও নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এর শেখ রাসেল নগর পার্কে আলোকসজজ্জার বিভিন্ন দৃশ্য। ছবি-পিবিএ

গাংনীতে মুক্তিযোদ্ধাদের সাথে স্থানীয় এমপি’র মতবিনিময়

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম শত বার্ষিকী উপলক্ষে মেহেরপুরের গাংনীতে মুক্তিযোদ্ধাদের সাথে মত বিনিময় করেছেন স্থানীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজামান খোকন।
রোববার দুপুরে গাংনী থানা সড়কে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সংসদ সদস্য সাহিদুজামান খোকন বলেছেন, বর্তমান সরকার জাতির শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের বিভিন্নভাবে সুযোগ সুবিধা দিয়ে সম্মানীত করছেন। আগামীতেও মুক্তিযোদ্ধাদের সম্মানে

তিনি যা করার তা করবেন। বর্তমান সরকার বীর মুক্তিযোদ্ধাদের যেভাবে সম্মানীত করেছেন বিগত কোন সরকার সুযোগ থাকা সত্বেও তা করেনি।

তিনি বলেন, মুক্তিযুদ্ধের পক্ষের শক্তি আওয়ামীলীগ সরকার মনে প্রানে আপনাদের ভাল রাখার চেষ্টা অব্যাহত রেখেছেন। কিন্তু একটি চক্র মুক্তিযুদ্ধের ইতিহাস নিয়ে খেলা করছে। চক্রান্তকারীদের মুক্তিযোদ্ধাদের ইতিহাস নিয়ে না খেলতে হুশিয়ারীদেন। তিনি বলেন মুক্তিযোদ্ধাদের নিয়ে চক্রান্ত করলে তার পরিনাম ভালো হবে না বলেও হুশিয়ারী প্রদান করেন চক্রান্তকারীদের।

অনুষ্ঠানে উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, পৌর মেয়র আশরাফুল ইসলাম, গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা ওবাইদুর রহমান ও মুক্তিযোদ্ধা নেতা আমিরুল ইসলামসহ আওয়ামীলীগ নেতা, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যসহ বীর মুক্তিযোদ্ধারা উপস্থিত ছিলেন।

এসময় সাবেক উপজেলা চেয়ারম্যান এ্যাডঃ শফিকুল আলম, গাংনী ইটভাটা মালিক সমিতির নেতা এনামুল হকসহ অনেকেই বক্তব্য রাখেন।
- নিজস্ব প্রতিনিধি

মুজিবনগরে মুজিববর্ষ পালনের লক্ষে গণনা যন্ত্র স্থাপন

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের শতবছর পূর্তি যথাযথ মর্যাদায় পালন করার লক্ষে মুজিবনগর সৃতিসৌধে ক্ষন গণনা যন্ত্র স্থাপন করা হয়েছে।

আগামী ১০ জানুয়ারী প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বিকাল ৫ টার সময় ভিডিও কন্ফারেন্স এর মাধ্যমে একযোগে সকল ক্ষণ গণনা যন্ত্রের উদ্বোধন করবেন।

এদিকে, মুজিবর্ষ সুন্দর ভাবে সফল করতে বিভিন্ন কর্মসূচি হাতে

নিয়েছে মুজিবনগর উপজেলা প্রশাসন।

বৃহস্প্রতিবার সকালে মুজিববর্ষ পালনের লক্ষে উপজেলা পরিষদ মিলনয়াতনে এক প্রস্তুতি সভায় উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী এ সকল কর্মসূচির বিষয় উপস্থিত সকলের সামনে তুলে ধরেন। সকলে কর্মসূচির বিষয়ে বিভিন্নজন বিভিন্ন ধরনের মতামত দেন।

উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি জানান, মুজিববর্ষ পালনের লক্ষে আমরা ইতিমধ্যে ক্ষন গননা যন্ত্র স্থাপন করেছি। এছাড়া আজ সকালে পরিষ্কার পরিচ্ছন অভিযানের কার্যক্রম শুরু করে দিয়েছি।বঙ্গবন্ধু ও মুক্তিযোদ্ধাকে জানি শির্ষক কুইজ প্রতিযোগীতা করা সিদ্ধান্ত নিয়েছি। এছাড়া শিক্ষার মান উন্নয়নসহ বিভিন্ন কর্মসূচি গ্রহন করা হয়েছে।

- মুজিবনগর অফিস

মেহেরপুরে বছরের প্রথম প্রহরে মুজিব বর্ষ পালন করলো যুবলীগ নেতা জনি

মেহেরপুর সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও জেলা যুবলীগ এর আহবায়ক কমিটির সদস্য মিজানুর রহমান জনি মুজিব বর্ষ পালন করেছে।

মঙ্গলবার দিবাগত রাত ২০২০ প্রথম প্রহরে রাত ১২ টা ০১ মিনিটে ১০০ মোমবাতি জ্বালিয়ে মুজিব বর্ষ পালন করেন।

স্থানীয় যুবলীগ ও ছাত্রলীগ নেতাকর্মীদের সাথে নিয়ে ২ নং ওয়ার্ড বোস পাড়ার মোড়ে- তিনি এ কর্মসূচী পালন করেন।

- নিজস্ব প্রতিনিধি